ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৭০
আগরতলা, ১ আগস্ট, ২০২৫

**ইয়ং ট্যালেন্ট আর্টিস্ট এওয়ার্ড ঃ আবেদনপত্র আহ্বান**

উত্তর-পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র ডিমাপুর, ইয়ং ট্যালেন্ট আর্টিষ্ট এওয়ার্ড-২০২৩-২৪, ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ এর জন্য যোগ্য প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করেছে। ৩১ মার্চ, ২০২৩ তারিখের হিসাবে ১৮-৩০ বছর বয়সী শিল্পীরা লোক/জনজাতি সঙ্গীত ও নৃত্য, থিয়েটার, নৃত্য, নাটক, মুকাভিনয়, পেইন্টিং, কাঠ-বাঁশ-বেত এর কারুশিল্প, পারম্পরিক হস্ততাঁত ও হস্তশিল্প, মৃৎশিল্প ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান থাকলে এই পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে উত্তর-পূর্বাঞ্চলের আট রাজ্যের মধ্যে যেকোন রাজ্যের বাসিন্দা ও ভারতীয় নাগরিক হতে হবে। তবে যারা এসব ক্ষেত্রে আগেও পুরস্কার পেয়েছেন তারা আবেদন করতে পারবেন না। পুরস্কারের আর্থিক মূল্য ২০ হাজার টাকা, সঙ্গে মানপত্র ও স্মারক উপহার। আবেদনপত্রের ফরম্যাট https://nezccdimapur.org.in/Home/Advertisement লিংক- এ গিয়ে ফরম্যাট সংগ্রহ করা যাবে। এছাড়াও সংশ্লিষ্ট রাজ্যের সংস্কৃতি দপ্তর কিংবা গৌহাটির শিল্পগ্রাম বা ডিমাপুরস্থিত উত্তর-পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের অফিস থেকে আবেদনপত্রের ফরম্যাট সংগ্রহ করা যাবে। রাজ্যের যোগ্য প্রার্থীদের আগামী ১২ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্র গান্ধীঘাটস্থিত তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রধান কার্যালয়ে জমা দিতে হবে।

*****